

প্রশ়িপ্তি তচনছ কাণ্ডে ওসিসহ ৬ পুলিশ প্রত্যাহার

ধামইরহাট (নওগাঁ) প্রতিনিধি
২৩ জন ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক
আমাদেশময়

নওগাঁর ধামইরহাট থানা থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষার ইতিহাস দ্বিতীয় পত্রের প্রশ়িপ্তি তচনছ কাণ্ডে থানাপুলিশের দায়িত্বের গাফিলতিতে ওসি আবদ্দুল মালেককে প্রত্যাহার করা হয়েছে। এ নিয়ে ছয় পুলিশকে প্রত্যাহার করল জেলা পুলিশ। গতকাল রবিবার দুপুরে বিষয়টি নিশ্চিত করেছেন নওগাঁ জেলা পুলিশ সুপার মোহাম্মদ সাফিউল সারোয়ার বিপিএম। এ ঘটনায় নতুনভাবে আরও তিনজন কনষ্টেবলকে প্রত্যাহার করা হয়েছে। এর আগে গত বৃহস্পতিবার এসআই জাকিরুল ইসলাম ও কনষ্টেবল ইকবালকে প্রত্যাহার করা হয়। তারা প্রত্যেকেই বর্তমানে জেলা পুলিশ লাইনে রয়েছেন।

নওগাঁ জেলা পুলিশ সুপার মোহাম্মদ সাফিউল সারোয়ার জানান, গত ১৭ জুন রাতে থানার হাজতে বিভিন্ন অপরাধের আসামি থাকলে হত্যা মামলার এজাহারভুক্ত মো. সাগর হোসেন (৩০) নামে একজন আসামিকে নারী হাজতে এক হাতে হাতকড়া অবস্থায় রাখা হয়। সে ওই রাতে হাজতের ভেতরে বসে উচ্চ মাধ্যমিক পরীক্ষার ইতিহাস দ্বিতীয় পত্র রাখা একটি ট্রাঙ্কের সিলগালা নখ দিয়ে খুলে ফেলেন। পরে সেখানে রাখা চাবি দিয়ে ট্রাঙ্কের তালা খুলে সেখানে রাখা প্রশ্নপত্রের একটি সেট বের করেন। তার মধ্যে কয়েকটি প্রশ্নপত্র ছিঁড়ে ফেলেন এবং বাকি প্রশ্নপত্রগুলো বিভিন্নভাবে ছাঢ়িয়ে-ছিটিয়ে রাখেন। ওই ঘটনার ফলে আসামিকে আরও একটি মামলা দায়ের শেষে কোর্ট হাজতে প্রেরণ করা হয়। ঘটনায় নওগাঁ জেলা প্রশাসকের পক্ষে থেকে দুটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

গতকাল শনিবার বিকালে রাজশাহী বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আ ন ম মোফাখখারুল ইসলাম প্রশ্নপত্র তছনছ ঘটনায় ধামইরহাট থানা পরিদর্শনে আসেন। এ সময় তিনি প্রশ়াঁস হওয়া ইতিহাস দ্বিতীয় পত্রের ৩০৫ নম্বর কোডটি বাতিল করেন। নতুন করে আরও একটি প্রশ্নপত্রের সেট তৈরি করা হলে সেই সেট প্রতিটি কেন্দ্রে পাঠানো হবে। ইতিহাস বিষয়ের এইচএসসি পরীক্ষা যথাসময়ে অনুষ্ঠিত হবে বলে তিনি জানিয়েছেন।